129

দৈনিক ইত্তেফাক

তারিখ .. 05 NOV 1992
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬ ...

## নিউ মডেল কলেজে ছাত্র সংঘর্ষ

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বুধবার) শুক্রাবাদস্থ নিউ মডেল ডিগ্রী কলেজে ছাত্রদল ও ছাত্রলীগের (ম-ই) কর্মীদের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়। কলেজের ছাত্র সংসদের (২য় পৃ: ৫-এর ক: দ্র: )

## নিউ মডেল কলেজ

(শেষ পৃঃ পর)

কার্যালয় দখলকে কেন্দ্র করিয়া সৃষ্ট এই সন্ত্রাসী ঘটনার একপর্যায়ে এলাকায় কয়েক রাউণ্ড গুলী বর্ষিত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার লক্ষ্যে পুলিশ কলেজ ক্যাম্পাসে দুই রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। কেহ হতাহত হয় নাই। জানা যায়, কলেজে প্রভাব বিস্তারের জন্য কয়েকদিন ধরিয়া ছাত্রদল ও ছাত্রলীগের কর্মীদের মধ্যে উত্তেজনা ছিল। মঙ্গলবার দুপুরে উভয় সংগঠনের কর্মীদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। হাতাহাতি, ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনাও ঘটে। গতকাল সকাল ১০টায় একদল সশস্ত্র তরুণ কলেজের ছাত্র সংসদের কার্যালয়ে তালা দিলে উত্তেজনা বৃদ্ধি পায়। ছাত্রদল ও ছাত্রলীগের কর্মীরা পরস্পরের বিরুদ্ধে মারমুখী হইয়া উঠে। এক পক্ষ অপর পক্ষকে কলেজ ক্যাম্পাস হইতে বাহির করিয়া দিলে সংঘর্ষ রাস্তায় ছড়াইয়া পড়ে। এক পর্যায়ে এলাকায় পর পর কয়েক রাউণ্ড গুলী বর্ষিত হয়। একদল উত্তেজিত তরুণ রাস্তায় গাড়ি ভাঙ্গচুর করে। পুলিশ এলাকায় কাঁদানে গ্যাস নিক্ষেপ করিলে পরিস্থিতি শান্ত হয়।

নিউ মডেল ডিগ্রী কলেজ ছাত্র সংসদ গতকাল জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে কলেজের সন্ত্রাসী ঘটনায় ছাত্রদলকে দায়ী করিয়াছে। সাংবাদিক সম্মেলনে বলা হয়, গতকাল সকালে ছাত্রদলের একটি সশস্ত্র গ্রুপ কলেজ ক্যাম্পাসে প্রবেশ করিয়া ছাত্র সংসদ কার্যালয় দখল করে এবং সংসদের কর্মকর্তা ও ছাত্রলীগের নেতা-কর্মীদের ক্যাম্পাস হইতে বাহির করিয়া দেয়। তাহারা ছাত্র সংসদের জি, এস মাসুদ আদনানসহ কয়েকজনকে প্রহার করে। মাসুদ আদনান সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন।